

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৬৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - সাত্র (সতর)

আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ أَنَّهَا سَأَلَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَتُصَلِّي الْمَرْأَةُ فِي درع وخمار لَيْسَ عَلَيْهَا إِزَارٌ؟ قَالَ: «إِذَا كَانَ الدِّرْعُ سَابِغًا يُغَطِّي ظُهُورَ قَدَمَيْهَا» . رَوَاهُ أَبُو دَاوُدُ وَذَكَرَ جَمَاعَة وَقَفُوهُ على أم سَلَمَة

বাংলা

৭৬৩-[১০] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম, মহিলাদের কাছে যদি লুঙ্গি পায়জামার কোন কাপড় ভিতরে পরার জন্য না থাকে, শুধু জামা ও ওড়না পরে তারা সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে পারবে কিনা? নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ, সালাত হয়ে যাবে। তবে জামা এতটা লম্বা হতে হবে যাতে পায়ের পাতা পর্যন্ত ঢেকে যায়। (আবূ দাউদ;[1]

মুহাদ্দিসগণের একদল উল্লেখ করেছেন যে, এ হাদীসটি স্বয়ং উম্মু সালামাহ্ (রাঃ)-এর উক্তি।

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৬৪০। কারণ এটি উম্মু সালামাহ্ (রাঃ) পর্যন্ত প্রমাণিত রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত নয়।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস দ্বারা নারীর দু' পায়ের পাতা পর্যন্ত আবরণীয় ঢেকে রাখা আবশ্যক প্রমাণিত হয়। কেননা রসূলের বাণী ''পায়ের পিঠ ঢেকে রাখবে'' দ্বারা পায়ের পিঠ খোলা রাখার নিষিদ্ধতা সাব্যস্ত হয়।

সালাতে এবং সালাতের বাইরে নারীর আবশ্যিক আবরণীয় অংশের সীমা নির্ধারণ ক্ষেত্রে 'আলিমগণ বহু মতবিরোধ করেছেন। এ ব্যাপারে বিস্তারিত জানতে ইবনু কুদামার ''আল মুগনী'' গ্রন্থ দেখুন। এ ব্যাপারে আমার (লেখকের)



নিকট অগ্রগণ্য/অগ্রাধিকারপ্রাপ্ত মত হলো হাম্বালীদের মত। সে মত হচ্ছে সালাতে স্বাধীনা, বালেগা/সাবালিকা নারীর পূর্ণ শরীর এমনকি তার নখ, চুলও আবশ্যিক আবরণীয়, চেহারা ছাড়া। সালাতের বাইরে বাকী শরীরের মতো চেহারা এবং দুই হাতের তালুও আবশ্যিক আবরণীয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন